জাতিগত হয়রানি কি?

জাতিগত বিদ্বেষপ্রসূত যে কোন ধরনের কর্মকান্ড বা আচরণ হলো জাতিগত হয়রানি। এর মধ্যে রয়েছে বর্ণ, জাতীয়তা, জাতিগত উৎপত্তি বা সাংস্কৃতিক পটভূমিগত সংস্কার।

যে কোন প্রকার জাতিগত হয়রানি, যেমন জাতিগত নির্যাতন, সকলের জন্যই অপমানজনক এবং ভীতিকর। অন্যগুলো কিছুটা কম, যেমন আপনার সম্পদের ক্ষতিসাধন, স্কুলে ছেলেমেয়েদেরকে 'মারধোর' করা, আপনার বিরুদ্ধে বিদ্বেষপূর্ণ অভিযোগ এবং 'অসামাজিক' আচরণ। কোন কোন সময় একজন ব্যক্তি ভিন্ন জাতিস্বসত্বার কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের সাথে সম্পর্ক থাকার কারণেও জাতিগত হয়রানির শিকার হতে পারেন।

কম বা বেশী যাই হোক, জাতিগত হয়রানির ফলে ক্রোধ, হতাশা, একাকীত্ব, অসহায়তা ও ভয়ের সৃষ্টি হয়। আপনি যদি এর শিকার হন তাহলে জানা জরুরী যে আপনি একা নন এবং আপনি সহায়তা পাবেন।

জাতিগত হয়রানির বিষয়টি পুলিশ কিভাবে দেখে?

নটিংহামশ্যায়ার পুলিশ জাতিগত হয়রানি বলতে স্পষ্টত সেটিকে সংজ্ঞায়িত করবেন যেটিকে:

'যিনি শিকার হবেন তিনি বা অন্য কোন ব্যক্তি যদি এই রকম মনে করেন'

(স্টিফেন লরেন্স ইনকোয়ারী কর্তৃক প্রদত্ত)

যদি আপনি, বা আপনার জানামতে কেউ, কোন ধরনের জাতিগত হয়রানির শিকার হন তাহলে পুলিশ এটিকে জাতিগত বিদ্বেষপ্রসূত ঘটনা হিসেবে ধরে নিয়ে কাজ করবে। এর কোন ব্যতিক্রম নেই - কোন 'যদি', কোন 'কিন্তু' নেই। আপনার যা জানা দরকার তা হলো;

'আপনি যদি মনে করেন এটি জাতিগত বিদ্বেষ, তাহলে এটি তাই'

আপনি নটিংহামশ্যায়ার পুলিশের নিকট কি আশা করতে পারেন।

- ❖ একজন পুলিশ অফিসার ব্যক্তিগতভাবে আপনার সাথে দেখা করবেন যিনি ঘটনাটি রেকর্ড করবেন এবং তদন্ত করবেন। আপনি যদি বলেন যে এটি জাতিগত হয়রানি, তাহলে কোন প্রশ্ন ছাড়াই অফিসার সেটা মেনে নিবেন।
- ❖ সব সময় ন্যায্য ও সৎ আচরণ এবং সম্মান করবেন
- ❖ আমরা যদি কোন কিছু করবো বলি, তাহলে তা করা হবে।
- ❖ তদন্ত হবে পেশাদারী। আপনার সম্মতিসাপেক্ষে আক্রমণকারীকে সব ঘটনার ক্ষেত্রেই কাঠগড়ায় দাঁড় করানো হবে।
- ❖ স্থানীয় বিট অফিসার আপনার সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন।
- ❖ অফিসার আপনাকে ব্যক্তিগতভাবে তদন্তের ফলাফল জানাবেন।
- ❖ আপনার ঘটনাটি নিয়ে ভবিষ্যতে কিভাবে কাজ করা হবে সে বিষয়ে আপনি আমাদেরকে জানানোর সুযোগ পাবেন।

আপনি যদি পুলিশের সার্ভিসে সন্তুষ্ট না হন তাহলে কি করতে হবে

নটিংহামশ্যায়ার পুলিশ এর নীতি হলো জাতিগত হয়রানির শিকার কোন ব্যক্তি যেন পুলিশ এর সার্ভিসে অসন্তুষ্ট না হন। আপনার কেসটি নিয়ে যেভাবে কাজ করা হচ্ছে আপনি যদি তাতে সন্তুষ্ট না হন তাহলে যে অফিসারটি এ নিয়ে কাজ করছেন তাকে সেটা জানাবেন যাতে তিনি ঠিকমতো কাজ করতে পারেন।

তারপরও যদি অসন্তুষ্ট থাকেন তবে আপনার এলাকায় যিনি পুলিশী কার্যক্রমের কমান্ডার এর দায়িত্ব পালন করছেন তাকে জানাবেন। (আপনি 0115 967 0999 নম্বরে ফোন করে যিনি দায়িত্বে আছেন তার নাম জানতে পারবেন)।

এতেও যদি আপনার চিন্তা দুর না হয় তাহলে পুলিশ স্টেশনে গিয়ে একজন ইনস্পেক্টরের সাথে কথা বলে পুলিশের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ করতে পারবেন, চিফ কনস্টেবল এর নিকট Sherwood Lodge, Arnold, Nottingham NG5 8PP এর নিকট লিখিত অভিযোগ করতে পারবেন।

জাতিগত হয়রানি রিপোর্ট করা

যারা জাতিগত হয়রানির শিকার হন তারা চিন্তা করেন ঘটনাটা পুলিশকে অবহিত করার মতো যথেষ্ট গুরুতর কিনা। জাতিগত হয়রানির সব ঘটনাই গুরুতর। কারোই এই ধরনের ঘটনা উপেক্ষা করা উচিত নয়।

নটিংহামশ্যায়ার পুলিশ এবং নটিংহাম এন্ড ডিস্ট্রিক্ট রেসিয়াল ইকোয়ালিটি কাউন্সিল (আরইসি) জাতিগত হয়রানির যে কোন ধরনের ঘটনাই পুলিশের নিকট রিপোর্ট করতে উৎসাহিত করে।

আপনি আপনার নিকটস্থ পুলিশ স্টেশনে জাতিগত হয়রানির ঘটনা টেলিফোনে, ব্যক্তিগতভাবে গিয়ে বা লিখিতভাবে রিপোর্ট করতে পারেন। জরুরী প্রয়োজনে সব সময় 999 এ ফোন করবেন। আপনি জাতিগত হয়রানির রিপোর্ট করলে একজন পুলিশ অফিসার আপনার সাথে সাক্ষাত করবেন। আপনি যেখানে চাইবেন সেখানেই সাক্ষাত হবে।

আপনার পক্ষ থেকে অন্য যে কেউ (যেমন একজন বন্ধু বা আত্মীয়) বা একজন স্বাক্ষীও জাতিগত হয়রানির ঘটনা রিপোর্ট করতে পারবেন।

জাতিগত হয়রানির ঘটনা'র হেলপ লাইন (জরুরী নয় এমন প্রয়োজনে 0800 0 85 85 11

জরুরীভিত্তিতে রিপোর্ট করার মতো নয় এমন জাতিগত হয়রানির ঘটনার ক্ষেত্রে নটিংহামশ্যায়ার পুলিশের একটি ফ্রিফোন হেলপ লাইন আছে। আপনি এমন অফিসারের সাথে কথা বলতে পারবেন যারা জাতিগত হয়রানি নিয়ে কাজ করার জন্য বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত এবং যাদের অভিজ্ঞতা আছে রিপোর্ট করতে গেলে মানুষের কি কি সমস্যা হতে পারে। এর মধ্যে আছে আপনি রিপোর্ট করলে আরো বেশী হয়রানি হতে পারে বা পুলিশ ঘটনাটিকে গুরুত্ব নাও দিতে পারে।

আপনি আপনার নাম নাও বলতে পারেন তবে আপনি যে তথ্য দিবেন তা থেকে একটি চিত্র পাওয়া যেতে পারে সমস্যাটি কোথায় হয়েছে। কখনো কখনো একটি 'আনসারফোনে' আপনার বক্তব্য রেকর্ড করা হতে পারে। ভাববেন না। একজন অফিসার আপনার সাথে যোগাযোগ করবেন। যখন তারা যোগাযোগ করবেন, তখন সরাসরি আপনার সাথেই করবেন। পরে কি ব্যবস্থা নেয়া হবে সে বিষয়ে তারা আপনার ইচ্ছেকে গুরুত্ব দিবেন।

এই গোপন সার্ভিস পাওয়ার নম্বর হলো 0800 0 85 85 11

অন্য যে সব উপায়ে এই ধরনের ঘটনা রিপোর্ট করা যায়

আপনি যদি মনে করেন যে পুলিশের নিকট সরাসরি রিপোর্ট করতে পারবেন না, তাহলে আপনার পক্ষে স্থানীয় বিভিন্ন কমিউনিটি গ্রুপ ও সংগঠন রিপোর্ট করতে পারবে ('অন্যান্য সহায়তা' দেখুন)।

ভাষাগত বাধা

পুলিশের নিকট জাতিগত হয়রানির বিষয়ে রিপোর্ট করার ক্ষেত্রে ভাষাগত সমস্যা কোন সমস্যা নয়। দিনের যে কোন সময় নটিংহামশ্যায়ার পুলিশ শতাধিক ভাষার দোভাষীর সাথে টেলিফোনে যোগাযোগ করতে পারে।

জাতিগত হয়রানি একটি অপরাধ

Racist Harassment is a Crime

0800 0 85 85 11

রেসিষ্ট ইনসিডেন্ট রিপোর্টিং লাইন

আপনি যদি জাতিগত হয়রানির শিকার হন তাহলে কি করবেন?

যারা জাতিগত বিদ্বেষের শিকার হয়েছেন তারা বলেছেন যে এর সাথে মানিয়ে নেয়ার চেষ্টা করা আরো কষ্টকর হতে পারে। কি করতে হবে এবং কি করা যেতে পারে আপনার যদি তা জানা থাকে তাহলে কাজে আসতে পারে। যদি এই ধরনের ঘটনা ঘটে:

- ❖ রিপোর্ট করুন।
- ❖ আপনি যদি এটিকে জাতিগত বিদ্বেষী ঘটনা মনে করেন তাহলে পুলিশ যেন তা জানে সেটা নিশ্চিত করুন - তাদেরকে বলুন।
- ❖ আপনি যে পুলিশের সাথে কথা বলছেন তার নাম ও নম্বর নিশ্চিত করে জেনে নিন। আপনি যদি আবার ঐ অফিসারের সাথে যোগাযোগ করতে চান এবং আপনি যদি অন্যান্য এজেন্সীর সাথে যোগাযোগ করতে চান তাহলে এটা কাজে আসবে।
- ❖ কেস এর অগ্রগতির সময় পুলিশ আপনাকে কি বলে এবং এবং আপনাকে কি বলে তার রেকর্ড রাখবেন।
- ❖ আপনাকে যেন একটা অপরাধের নম্বর দেয়া হয় তা নিশ্চিত করবেন (এটি তাৎক্ষণিক নাও পাওয়া যেতে পারে, অফিসার হয়তো পরবর্তী কোন একদিন আপনাকে এটা দিবেন)।
- ❖ যেহেতু স্বাক্ষ্যপ্রমাণ হিসেবে উপস্থাপিত হতে পারে সেগুলো স্পর্শ করবেন না যেমন অস্ত্র, কাপড়চোপড়, চিঠিপত্র, লিফলেট ইত্যাদি। পুলিশ হয়তো সেগুলো আপনার কেসে ব্যবহার করতে পারবে।
- ❖ ঘটনাবলীর একটা রেকর্ড রাখবেন। আপনি যা কিছু মনে করতে পারেন তার সবই এতে অন্তর্ভুক্ত করবেন যেমন তারিখ, সময়, স্থান, আক্রমণকারীদের বর্ণনা, বাস্তবিক যে সব শব্দ ব্যবহার করা হয়েছিল এবং এটি কিভাবে প্রভাবিত করেছিল (আঘাত, ভীতসন্ত্রস্থ ইত্যাদি)। এর জন্য একটি ডেস্ক ডাইরী হলে ভালো হয়। আপনি পরে যখন একটি স্টেটমেন্ট দিতে যাবেন তখন পুরোপুরি স্মৃতিশক্তির ভরসা না করে আপনি এর সাহায্য নিতে পারবেন।
- ❖ কি ঘটেছিল তার বর্ণনা দিতে সুবিধা হয় এমন কিছু থাকলে তার ছবি নিতে বলবেন যেমন সম্পদের ক্ষতিসাধন, গ্র্যাফিটি প্রভৃতি। পুলিশ এবং কোন কোন কাউন্সিল এটা করতে পারে। আপনি যদি পারেন, তাহলে আপনিও ছবি তুলে রাখবেন।
- ❖ যদি স্বাক্ষী থাকে তাহলে নাম ও ঠিকানা নিবেন। তাদেরকে বলবেন তারা যা দেখেছেন ও শুনেছেন তা লিখে দিতে এবং সই করতে।
- ❖ যদি কেউ আহত হন তাহলে তারা যেন কোন ডাক্তারের নিকট বা হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেন তা নিশ্চিত করবেন। যে সব আঘাত দেখা যাবে সেগুলোর ছবি নিবেন।
- ❖ যদি কোন খরচ হয় তার একটা রেকর্ড রাখবেন (হাসপাতালে যাওয়ার ভাড়া, আয়ের ক্ষতি প্রভৃতি)। আদালতে হয়তো ক্ষতিপূরণের দাবী উথাপণ করা যেতে পারে।

জাতিগত হয়রানির ক্ষেত্রে পুলিশ কি করতে পারে?

অপরাধের বিরুদ্ধে পুলিশের যে সব ক্ষমতা আছে তার সব কিছু প্রয়োগ করে পুলিশ ঘটনাবলীর তদন্ত করবে। এর মধ্যে থাকতে পারে স্বাক্ষীদের বক্তব্য গ্রহণ, ফরেনসিক প্রমাণাদি সংগ্রহ (ফিঙ্গারপ্রিন্ট ও ডি.এন.এ নমুনা) এবং সন্দেহভাজন এর সাক্ষাতকার গ্রহণ করা।

জাতিগত হয়রানির ক্ষেত্রে যেখানে সম্ভব হবে পুলিশ সন্দেহভাজনকে গ্রেফতার করবে। যখন সন্দেহভাজনের বিরুদ্ধে আদালতে অভিযোগ উত্থাপিত তখন জামিন নিতে গেলে আরো হয়রানি করা হবে না এমন শর্ত আরোপ হতে পারে। অন্য কোন এজেন্সী যদি কো পদক্ষেপ নেয় যেমন খালিকরণ বা ইনজেংশন, পুলিশ তাকেও সমর্থন দিবে।

পুলিশের যে সব সাধারণ আইন প্রয়োগের ক্ষমতা আছে তার বাইরেও যেমন আক্রমণ ও ক্ষতিসাধন, পাবলিক অর্ডার এ্যাক্ট অনুযায়ী আপনাকে সন্ত্রাসী আচরণের দ্বারা ভয় দেখানো যাবে না বা অশালীন কোন আচরণ করা যাবে না বা আপনার প্রতি অপমানজনক আচরণ করা যাবে না। উদ্দেশ্যমূলক হয়রানি আইন বিরোধী। যদি কেউ আপনাকে একবারের বেশী অপমান করে তবে হ্যারাসমেন্ট এ্যাক্ট অনুসারে প্রটেকশন এর অধীনে বেআইনী।

সব শেষে, যখন কেসগুলো আদালতে যায়, তখন যদি মনে হয় যে অপরাধীর অপরাধ জাতিগত বিদ্বেষপ্রসূত বা জাতিগত বিদ্বেষ দ্বারা প্রভাবিত তখন 'ক্রাইম এন্ড ডিসঅর্ডার এ্যাক্ট' এটা নিশ্চিত করে অপরাধী যেন বড় সাজা পায়।

জাতিগত হয়রানির বিরুদ্ধে অন্যান্য সাহায্য

পুলিশের মত অন্যান্য সংস্থাও জাতিগত হয়রানির বিরুদ্ধে সাহায্য, সহায়তা ও কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রস্তাব দিতে পারে। এখানে কিছু প্রতিষ্ঠানের উল্লেখ রয়েছে যেখান থেকে আপনি সাহায্য পেতে পারেন।

বিভিন্ন কাউন্সিল

আপনি যদি বৈষম্যমূলক আচরণ বা হয়রানির শিকার হন তবে আপনার স্থানীয় কাউন্সিল এ বিষয়ে আপনাকে সাহায্য করতে পারে। শুধুমাত্র কাউন্সিল এর ভাড়াটিয়াদের জন্য নয় বরং সকল আবাসিক বাসিন্দাদের জন্যই কাউন্সিল এর একটা দায়িত্ব রয়েছে। যোগাযোগের বিস্তারিত তথ্য স্থানীয় ফোন বুকে পাবেন।

সলিসিটরস (আইনজীবীগণ)

লোকে যাতে আপনাকে হয়রানি করতে না পারে সেজন্য সলিসিটরগণ সিভিল কোর্ট থেকে একটা ইনজাংশন ইস্যু করে আপনাকে সাহায্য করতে পারে। ইনজাংশন হলো কোর্টের এমন একটা আদেশ যাতে বর্ণিত থাকে লোকেরা কি কি করতে পারবে না যেমন আপনার বাড়ীর কাছে যেতে পারবে না। ইনজাংশন খুবই কার্যকরী কারণ আপনি খুব দ্রুত তা পেতে পারেন এবং পুলিশের মত কাউকে অভিযুক্ত করতে কোর্টের যথেষ্ট পরিমাণ প্রমাণের দরকার হয় না। কোন কোন সলিসিটর তাদের প্রথম বারের পরামর্শ ফ্রি দিয়ে থাকেন। ফোন নম্বর সব ইয়োলো পেজে আছে।

নটিংহাম এবং ডিস্ট্রিক রেসিয়াল ইকুয়ালিটি কাউন্সিল (আর.ই. সি) 0115 958 6515

নটিংহামশ্যায়ারে যারা জাতিগত বিদ্বেষমূলক হয়রানির শিকার হয়ে থাকেন তাদের সহযোগীতা এবং পরামর্শ প্রদান করে থাকে আর.ই.সি। তারা কাউন্সিল, পুলিশ এবং অন্যান্য এজেন্সির সাথে যৌথভাবে কাজ করে থাকে। আপনি যদি কর্মক্ষেত্র, হাউজিং বা ইমিগ্রেশন এর ক্ষেত্রে জাতিগত বৈষম্যমূলক আচরণের শিকার হন তাহলেও আর.ই.সি আপনাকে সহায়তা প্রদান করতে পারে।

আফ্রো-ক্যারিবিয়ান এ্যান্ড এশিয়ান ফোরাম 0115 857 8853

আফ্রো-ক্যারিবিয়ান এ্যান্ড এশিয়ান ফোরাম ভুক্তভোগী সকল কালো কমিউনিটি গুলোতেই ব্যাপক হারে বিভিন্ন বিষয়ে পরামর্শ এবং সহায়তা প্রদান করে থাকে। জাতিগত দুর্ঘটনা বিষয়ে এই ফোরামের মাধ্যমে রিপোর্ট করা সম্ভব, এছাড়াও এই ফোরাম দেশ জুড়ে অন্যান্য যে সকল জায়গা এবং সংস্থায় জাতিগত বিভিন্ন দুর্ঘটনা রিপোর্ট করা যায় তার বিস্তারিত বিবরণ প্রদান করতে পারে।

রেস ফোরাম

দেশের কিছু কিছু জেলাতে স্থানীয় রেস ফোরাম রয়েছে যা সেই সকল লোক এবং সংস্থার পক্ষে কাজ করে যারা জাতিগত হয়রানি এবং অন্যান্য জাতিগত বিভিন্ন বিষয় নিয়ে উদ্বিগ্ন। এই ফোরামগুলো তাদের এলাকায় যে সকল দল এবং ব্যক্তি জাতিগত হয়রানির বিরুদ্ধে সাহায্য এবং সহায়তা প্রদান করতে পারে তাদের সম্পর্কে তথ্য সরবরহ করতে পারে। আপনার এলাকার দলগুলো সম্পর্কে বিস্তারিত জানতে নিচের ঠিকানাগুলোতে যোগাযোগ করুন।

এ্যাশফিল্ড
ডিস্ট্রিক পার্টনারশীপ অফিসার 01623 555 551

ব্যাসেট'ল
ডিস্ট্রিট পার্টনারশীপ অফিসার 01909 476 118 ext. 23

মানসফিল্ড এ্যান্ড ডিস্ট্রিক্ট
ডিস্ট্রিক্ট পার্টনারশীপ অফিসার 01623 651 177

নেওয়ার্ক এ্যান্ড শেরুড
কমিউনিটি সেইফটি অফিসার 01636 655 232